

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 জাতীয় রাজস্ব বোর্ড।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৮ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৫২-আইন/২০১৫/৩২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, উক্ত Act এর THIRD SCHEDULE এর item 17 এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০০০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৫ এ উল্লিখিত ‘তালিকা’ এর পরিবর্তে নিম্নবর্ণিত ‘তালিকা’ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“তালিকা”

টেলিভিশন সেট, রেফ্রিজারেটর, ডিপফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথ ড্রাইয়ার, ডিসওয়াশার, ভি. সি. পি, ভি. সি. আর, সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, লেজার ডিক্স প্লেয়ার/কমপ্যাক্ট ডিক্স প্লেয়ার, ভিডিও প্লেয়ার, হোম থিয়েটার, সিডি/ডিভিডি, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোন সেট (মোবাইলসেট সহ), ভিডিও ক্যামেট (রেকর্ডকৃত), পারসোনাল কম্পিউটার/ল্যাপটপ, স্যাটেলাইট রিসিভার, ক্রোকারিজ বা তৈজসপত্র, আসবাবপত্র, নেবুলাইজার মেশিন, ক্রাচ (crutch), হাইল চেয়ার এবং অনধিক ১ (এক) হাজার মার্কিন ডলার মূল্যের অন্যান্য ব্যবহার্য গৃহস্থালী সামগ্রী।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
 (মোঃ নজিরুর রহমান)
 চেয়ারম্যান।